



ইরানকে আলোচনায় ফেরার আহ্বান জার্মান চ্যাম্পেলরের



জার্মানির চ্যাম্পেলের ফ্রেডরিক ম্যার্স | ছবি: সংগৃহীত

ইরানকে দ্রুত সংলাপের পথে আসার আহ্বান জানিয়েছেন জার্মানির চ্যাম্পেলের ফ্রেডরিক ম্যার্স। বৃহস্পতিবার (৩০ এপ্রিল) লোয়ার স্যাক্সনিয়ার মুনস্টারে একটি সামরিক প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনের সময় তিনি এ কথা বলেন। এ সময় তার সঙ্গে ছিলেন দেশটির অর্থমন্ত্রী লার্স ক্লিংবাইল।

চ্যাম্পেলের বলেন, ইরানের সামরিক কর্মসূচির অবসান জরুরি এবং ইসরাইলসহ মিত্রদের বিরুদ্ধে আর কোনো হামলা মেনে নেওয়া হবে না। তার মতে, বর্তমান পরিস্থিতি উত্তেজনা বাড়চ্ছে এবং দ্রুত সমাধান প্রয়োজন।

হরমুজ প্রণালিতে চলমান সংকটের প্রসঙ্গ তুলে তিনি জানান, নির্দিষ্ট শর্ত পূরণ হলে আন্তর্জাতিক নৌপথের নিরাপত্তা নিশ্চিত জার্মানি সামরিকভাবে সহায়তা দিতে প্রস্তুত রয়েছে। এই প্রণালিতে অচলাবস্থা তৈরি হলে তা বিশ্ব অর্থনীতির জন্য বড় ধরনের ঝুঁকি সৃষ্টি করবে বলেও সতর্ক করেন তিনি।

ইরানের ওপর নিষেধাজ্ঞা আরও কঠোর করার বিষয়েও ইউরোপীয় পর্যায়ে আলোচনা চালিয়ে যাচ্ছেন বলে জানান ম্যার্স। পাশাপাশি যুক্তরাষ্ট্রসহ মিত্র দেশগুলোর সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখার কথাও উল্লেখ করেন তিনি।

এর আগে পাকিস্তানকে ঘিরে শান্তি আলোচনা নিয়ে টানা পোড়েনের প্রেক্ষাপটে যুক্তরাষ্ট্রের ভূমিকার সমালোচনা করেছিলেন ম্যার্স। এর জবাবে সাবেক মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যমে প্রতিক্রিয়া জানিয়ে জার্মানিতে মার্কিন সামরিক উপস্থিতি কমানোর ইঙ্গিত দেন। এরপরই ইরান ও হরমুজ ইস্যুতে নতুন করে বক্তব্য দেন জার্মান চ্যাম্পেলের।